দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 SEP 1998
পৃঃ [illegible] কলাম ৩

148

# জা'বি' বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ধর্ষণের শাস্তি চাই, অন্যথায় কঠোর আন্দোলন

................................................ ছাত্রদল

ঢা বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ ভবনে অনুষ্ঠিত ছাত্রদলের এক সাংবাদিক সম্মেলনে অবিলম্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রী ধর্ষণকারীদের কঠিন শাস্তির দাবী জানান হইয়াছে। অন্যথায় ছাত্রদল কঠোর আন্দোলন কর্মসূচী গ্রহণ করিবে বলিয়া জানান হয়। সাংবাদিক সম্মেলনে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের নেতারা চিহ্নিত ধর্ষণকারী। অবিলম্বে এই ধর্ষণকারীদের বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার, গ্রেফতার ও শাস্তি দিতে হইবে। দলের সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেন, কাঁটাবন মার্কেট, এলিফেন্ট রোডসহ বিভিন্ন এলাকায় ছাত্রলীগ নেতা-কর্মীরা বন্যার্তদের নামে চাঁদা তুলিতেছে। সাংবাদিক সম্মেলনে হাবিবুন নবী সোহেল, মঞ্জুর এলাহী, মনোয়ার হোসেন রানা, মনির হোসেন, হেলেন জেরিন খান, হাসান মঞ্জুর প্রমুখ উপস্থিত ছিলেন।